গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

নং- ৩৩.০২.০০০০.০০০.৯৬৬.২০.০০০১.২৫.৭৩

তারিখঃ ০৪ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ।
১৭ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ।

প্রাপক

১) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২) জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় (সকল)।
৩) উপজেলা হিসাবরক্ষণ অফিসার, উপজেলা হিসাবরক্ষণ অফিসারের কার্যালয় (সকল)।

বিষয়: 'ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)' (প্রকল্প কোড নং-২২৪৪১০৩০০) প্রকল্পের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে মৎস্যচাষ প্রদর্শনী স্থাপন (৩২৫১১০৪) খাতে অর্থ বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে 'ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)' (প্রকল্প কোড নং-২২৪৪১০৩০০) প্রকল্পের আওতায় চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরে মৎস্যচাষ প্রদর্শনী স্থাপন (৩২৫১১০৪) খাতে ছকে উল্লেখিত আয়ন ব্যয়ন কর্মকর্তার অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো। উল্লেখ্য, আয়ন ব্যয়ন কর্মকর্তাকে নিম্নলিখিত শর্তাদি প্রতিপাদন সাপেক্ষে অর্থ ব্যয় করতে হবে।

১) পিপিআর-২০২৫ এবং অন্যান্য সরকারী আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে। বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত কোন ক্রমেই ব্যয় করা যাবে না।
২) ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়) এর বাস্তবায়ন নির্দেশিকা অনুযায়ী সকল কাজ সম্পাদন করতে হবে।
৩) অর্থ ব্যয়ে কোন অনিয়ম হলে ব্যয়কারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।
৪) অব্যয়িত অর্থ ৩১ মে, ২০২৬ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে সমর্পণ করতে হবে।

| ক্রমিক নং | আয়ন ব্যয়নকারী কর্মকর্তাদের পদবী ও ঠিকানা | মৎস্যচাষ প্রদর্শনী খামারের সংখ্যা (টি) | বরাদ্দের পরিমাণ (মৎস্যচাষ প্রদর্শনী স্থাপন-৩২৫১১০৪) (টাকা) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পটুয়াখালী সদর, পটুয়াখালী | ৪ | ২৪০০০০.০০ |
| ২ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কলাপাড়া, পটুয়াখালী | ৪ | ২৪০০০০.০০ |
| ৩ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পিরোজপুর সদর, পিরোজপুর | ৪ | ২৪০০০০.০০ |
| ৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা, কাউখালী, পিরোজপুর | ৪ | ২৪০০০০.০০ |
| ৫ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ঝালকাঠি সদর, ঝালকাঠি | ৪ | ২৪০০০০.০০ |
| ৬ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজাপুর, ঝালকাঠি | ৪ | ২৪০০০০.০০ |
| ৭ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, হিজলা, বরিশাল | ৪ | ২৪০০০০.০০ |
| ৮ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পাথরঘাটা, বরগুনা | ৪ | ২৪০০০০.০০ |
| ৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ | ৪ | ২৪০০০০.০০ |
| ১০ | উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ | ৪ | ২৪০০০০.০০ |
| ১১ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ | ৪ | ২৪০০০০.০০ |
| ১২ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চুনারুঘাট, হবিগঞ্জ | ৪ | ২৪০০০০.০০ |
| ১৩ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া | ৪ | ২৪০০০০.০০ |
| ১৪ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া | ৪ | ২৪০০০০.০০ |
| ১৫ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চাঁদপুর সদর, চাঁদপুর | ৪ | ২৪০০০০.০০ |
| ১৬ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মতলব দক্ষিণ, চাঁদপুর | ৪ | ২৪০০০০.০০ |

| ক্রমিক নং | আয়ন ব্যয়নকারী কর্মকর্তাদের পদবী ও ঠিকানা | মৎস্যচাষ প্রদর্শনী খামারের সংখ্যা (টি) | বরাদ্দের পরিমাণ (মৎস্যচাষ প্রদর্শনী স্থাপন-৩২৫১১০৪) (টাকা) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১৭ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর | ৪ | ২৪০০০০.০০ |
| ১৮ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রায়পুর, লক্ষ্মীপুর | ৪ | ২৪০০০০.০০ |
| ১৯ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নোয়াখালী সদর, নোয়াখালী | ৪ | ২৪০০০০.০০ |
| ২০ | উপজেলা মৎস্য কর্মকর্তা, সেনবাগ, নোয়াখালী | ৪ | ২৪০০০০.০০ |
| ২১ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চৌদ্দগ্রাম, কুমিল্লা | ৪ | ২৪০০০০.০০ |
| ২২ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বড়াইগ্রাম, নাটোর | ৪ | ২৪০০০০.০০ |
| ২৩ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সিংড়া, নাটোর | ৪ | ২৪০০০০.০০ |
| ২৪ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জয়পুরহাট সদর, জয়পুরহাট | ৪ | ২৪০০০০.০০ |
| ২৫ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পাঁচবিবি, জয়পুরহাট | ৪ | ২৪০০০০.০০ |
| ২৬ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পাবনা সদর, পাবনা | ৪ | ২৪০০০০.০০ |
| ২৭ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চাটমোহর, পাবনা | ৪ | ২৪০০০০.০০ |
| ২৮ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাণীনগর, নওগাঁ | ৪ | ২৪০০০০.০০ |
| ২৯ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মহাদেবপুর, নওগাঁ | ৪ | ২৪০০০০.০০ |
| ৩০ | উপজেলা মৎস্য কর্মকর্তা, বদলগাছি, নওগাঁ | ৪ | ২৪০০০০.০০ |
| ৩১ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বগুড়া সদর, বগুড়া | ৪ | ২৪০০০০.০০ |
| ৩২ | উপজেলা মৎস্য কর্মকর্তা, শাহজাদপুর, সিরাজগঞ্জ | ৪ | ২৪০০০০.০০ |
| ৩৩ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সিরাজদিখান, মুন্সিগঞ্জ | ৪ | ২৪০০০০.০০ |
| ৩৪ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শ্রীনগর, মুন্সিগঞ্জ | ৪ | ২৪০০০০.০০ |
| ৩৫ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোপালপুর, টাঙ্গাইল | ৪ | ২৪০০০০.০০ |
| ৩৬ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মির্জাপুর, টাঙ্গাইল | ৪ | ২৪০০০০.০০ |
| ৩৭ | উপজেলা মৎস্য কর্মকর্তা, সখিপুর, টাঙ্গাইল | ৪ | ২৪০০০০.০০ |
| ৩৮ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মিঠামইন, কিশোরগঞ্জ | ৪ | ২৪০০০০.০০ |
| ৩৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ | ৪ | ২৪০০০০.০০ |
| ৪০ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ | ৪ | ২৪০০০০.০০ |
| ৪১ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ঘিওর, মানিকগঞ্জ | ৪ | ২৪০০০০.০০ |
| ৪২ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সিংগাইর, মানিকগঞ্জ | ৪ | ২৪০০০০.০০ |
| ৪৩ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ | ৪ | ২৪০০০০.০০ |
| ৪৪ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কোটালীপাড়া, গোপালগঞ্জ | ৪ | ২৪০০০০.০০ |
| ৪৫ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মাদারীপুর সদর, মাদারীপুর | ৪ | ২৪০০০০.০০ |
| ৪৬ | উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর | ৪ | ২৪০০০০.০০ |
| ৪৭ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ | ৪ | ২৪০০০০.০০ |
| ৪৮ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পঞ্চগড় সদর, পঞ্চগড় | ৪ | ২৪০০০০.০০ |
| ৪৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, তেঁতুলিয়া, পঞ্চগড় | ৪ | ২৪০০০০.০০ |
| ৫০ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | ৪ | ২৪০০০০.০০ |
| ৫১ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও | ৪ | ২৪০০০০.০০ |
| ৫২ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নীলফামারী সদর, নীলফামারী | ৪ | ২৪০০০০.০০ |
| ৫৩ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সৈয়দপুর, নীলফামারী | ৪ | ২৪০০০০.০০ |
| ৫৪ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, লালমনিরহাট সদর, লালমনিরহাট | ৪ | ২৪০০০০.০০ |
| ৫৫ | উপজেলা মৎস্য কর্মকর্তা, হাতীবান্ধা, লালমনিরহাট | ৪ | ২৪০০০০.০০ |
| ৫৬ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম | ৪ | ২৪০০০০.০০ |
| ৫৭ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উলিপুর, কুড়িগ্রাম | ৪ | ২৪০০০০.০০ |

| ক্রমিক নং | আয়ন ব্যয়নকারী কর্মকর্তাদের পদবী ও ঠিকানা | মৎস্যচাষ প্রদর্শনী খামারের সংখ্যা (টি) | বরাদ্দের পরিমাণ (মৎস্যচাষ প্রদর্শনী স্থাপন-৩২৫১১০৪) (টাকা) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৫৮ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম | ৪ | ২৪০০০০.০০ |
| ৫৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরল, দিনাজপুর | ৪ | ২৪০০০০.০০ |
| ৬০ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দাকোপ, খুলনা | ৪ | ২৪০০০০.০০ |
| ৬১ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কয়রা, খুলনা | ৪ | ২৪০০০০.০০ |
| ৬২ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা | ৪ | ২৪০০০০.০০ |
| ৬৩ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কলারোয়া, সাতক্ষীরা | ৪ | ২৪০০০০.০০ |
| ৬৪ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চিতলমারী, বাগেরহাট | ৪ | ২৪০০০০.০০ |
| ৬৫ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রামপাল, বাগেরহাট | ৪ | ২৪০০০০.০০ |
| ৬৬ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মংলা, বাগেরহাট | ৪ | ২৪০০০০.০০ |
| ৬৭ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, অভয়নগর, যশোর | ৪ | ২৪০০০০.০০ |
| ৬৮ | উপজেলা মৎস্য কর্মকর্তা, চৌগাছা, যশোর | ৪ | ২৪০০০০.০০ |
| ৬৯ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইল | ৪ | ২৪০০০০.০০ |
| ৭০ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মাগুরা সদর, মাগুরা | ৪ | ২৪০০০০.০০ |
| ৭১ | উপজেলা মৎস্য কর্মকর্তা, মোহাম্মদপুর, মাগুরা | ৪ | ২৪০০০০.০০ |
| ৭২ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ | ৪ | ২৪০০০০.০০ |
| ৭৩ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, ঝিনাইদহ | ৪ | ২৪০০০০.০০ |
| ৭৪ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জীবননগর, চুয়াডাংগা | ৪ | ২৪০০০০.০০ |
| ৭৫ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া | ৪ | ২৪০০০০.০০ |
| | | ৩০০ | ১৮০০০০০০.০০ |
| | কথায়ঃ এক কোটি আশি লক্ষ টাকা মাত্র। | | |

১৭/০২/২৬

(মোঃ আবুল কালাম আজাদ)
প্রকল্প পরিচালক (অ.দা.)
ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
ইমেইলঃ pdunion3p@fisheries.gov.bd

নং- ৩৩.০২.০০০০.০০০.৯৬৬.২০.০০০১.২৫.৭৩

তারিখ: ০৪ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ।
১৭ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২) পরিচালক, মৎস্য অধিদপ্তর, ....................................।
৩) জেলা মৎস্য কর্মকর্তা, ...........................................।
৪) সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা, .............................।
৫) প্রোগ্রামার, ই-সার্ভিস এন্ড ইনোভেশন শাখা, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, রমনা, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬) সংশ্লিষ্ট নথি।

১৭/০২/২৫

প্রকল্প পরিচালক (অ.দা.)
ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
ইমেইলঃ pdunion3p@fisheries.gov.bd

১২. প্রদর্শনী খামার ব্যবস্থাপনা

**১২.১ ফলাফল প্রদর্শনকারী চাষী (আরডি) নির্বাচন:**

সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা সংশ্লিষ্ট মাছ চাষে অভিজ্ঞ ও আগ্রহী চাষীগণের মধ্য থেকে নিম্নবর্ণিত গুণাগুণ সম্পন্নদের অগ্রাধিকার দিয়ে উপজেলা মাছ চাষ ব্যবস্থাপনা কমিটির সাথে আলোচনাক্রমে ফলাফল প্রদর্শনকারী চাষী নির্বাচন করবেন। নির্বাচিত চাষীদের তালিকা উপজেলা মাছ চাষ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সুপারিশক্রমে জেলা মৎস্য কর্মকর্তার মাধ্যমে প্রকল্প পরিচালক বরাবরে প্রেরণ করতে হবে। প্রকল্প মেয়াদে প্রতি উপজেলায় জন্য ৪টি প্রযুক্তি প্যাকেজ প্রদর্শনী খামার স্থাপনের সুযোগ রয়েছে। কাজেই উপজেলার প্রকল্পভু ইউনিয়নের মাঝে মৎস্যচাষে অনগ্রসরতার ভিত্তিতে প্রদর্শনী খামার নির্বাচন করতে হবে।

**১২.২ আরডি নির্বাচনে বিবেচ্য বৈশিষ্ট্য:**

১। চাষীর নিজস্ব অথবা কমপক্ষে ৫ বছরের লিজকৃত উপযুক্ত পুকুর থাকতে হবে (পুকুরের আয়তন ±০.১৩ হেক্টর বা ±৩৩ শতক)।

২। ফলাফল প্রদর্শনকারী হিসেবে আগ্রহী এবং আংশিক ব্যয় বহনে ইচ্ছুক।

৩। কমপক্ষে ৫ জন সহযোগী চাষীর নিকট মৎস্য চাষ প্রযুক্তি সম্প্রসারণ করতে ইচ্ছুক।

৪। মাছ চাষে অভিজ্ঞতা সম্পন্ন।

৫। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর/উপজেলা মৎস্য দপ্তরের সাথে সমন্বয় সাধন করে কাজ করায় আগ্রহী।

**১২.৩ কার্প/পাঙ্গাশ/তেলাপিয়া মিশ্র চাষ ফলাফল প্রদর্শনী খামার ব্যবস্থাপনা**

প্রযুক্তি হস্তান্তরের অন্যতম সফল উপায় হল ফলাফল প্রদর্শনী খামার স্থাপন। এতে আশেপাশের চাষীরা সরাসরি কার্যক্রম এবং ফলাফল দেখতে এবং শিখতে সক্ষম হয়। এ কারণে অত্র প্রকল্পে কার্প/পাঙ্গাশ/তেলাপিয়া মিশ্র চাষ ফলাফল প্রদর্শনী খামার স্থাপন কার্যক্রমের সংস্থান রাখা হয়েছে। পুকুর প্রস্তুতি থেকে মাছ ধরা পর্যন্ত সকল কার্যক্রম প্রদর্শনের মাধ্যমে কার্প/পাঙ্গাশ/তেলাপিয়া মিশ্র চাষ প্রযুক্তি স্থানীয় চাষীদের (সহযোগী চাষী:FF) নিকট হস্তান্তর করা সম্ভব হবে।

**প্রকল্প সহায়তা (কারিগরি ও আর্থিক):**

প্রত্যেক কার্প/পাঙ্গাশ/তেলাপিয়া মিশ্র চাষ ফলাফল প্রদর্শনকারী চাষীর ±০.১৩ হেক্টর বা ±৩৩ শতক পুকুর থাকতে হবে। প্রতিটি কার্প/পাঙ্গাশ/তেলাপিয়া মিশ্র চাষ ফলাফল প্রদর্শনী খামারের উৎপাদন লক্ষ্যমাত্রা হবে নির্দেশিকার ৪(ক) এর ছকের ৬নং কলামে উল্লেখকৃত হেক্টর প্রতি উৎপাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী। মোট উৎপাদন ব্যয়ের মধ্যে প্রকল্প থেকে ৭০,০০০/- টাকার উৎপাদন সামগ্রী দেওয়া হবে এবং বাকী উৎপাদন ব্যয় চাষী নিজে বহন করবেন। তন্মধ্যে ৬০,০০০/- (ষাট হাজার টাকা) মূল্যমানের উৎপাদন সামগ্রী প্রদর্শনী শুরুর বছরে আরডি চাষীকে দেওয়া হবে। পরবর্তী বছরসমূহে পরিচালন ব্যয় খাতে আরও ১০,০০০/- (দশ হাজার টাকা) মূল্যমানের উৎপাদন সামগ্রী আরডিকে প্রদান করা হবে। উৎপাদন সামগ্রী ক্রয় করে আরডি চাষীকে দেওয়ার জন্য সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তার নিকট অর্থ বরাদ্দ দেওয়া হবে। তিনি ''পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫' অনুসরণ করে উৎপাদন সামগ্রী ক্রয় করবেন এবং সংশ্লিষ্ট রেজিষ্টারে আরডি'র স্বাক্ষর রেখে বিতরণ করবেন। সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা ও সহকর্মীগণ নিয়মিত পুকুর ভিজিট করে (প্রতিমাসে অন্তত ১ বার) উপকরণ পুকুরে প্রয়োগ, জাল টেনে মাছের স্বাস্থ্য পরীক্ষা, পানির গুনাগুণ পরীক্ষা ও সমস্যা নিরসনের মাধ্যমে লক্ষ্যমাত্রা অনুযায়ী উৎপাদন নিশ্চিত করবেন। বিস্তারিত উৎপাদন আয়-ব্যয় হিসাব নিম্নে দেয়া হল।

## কার্প/পাঙ্গাস/তেলাপিয়া মিশ্র প্রদর্শনী

**আয়তন: ±৩৩ শতাংশ**

| ক্রমিক নং | খাত | একক | পরিমাণ | একক দর (টাকা) | ব্যয় (টাকা) | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | মোট ব্যয় | সুফলভোগী কর্তৃক ব্যয় | প্রকল্প সহায়তা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | রোটেনন | কেজি | ৪ | ৫০০.০০ | ২০০০.০০ | ১০০০.০০ | ১০০০.০০ |
| ২ | চুন | কেজি | ৬৬ | ২৫.০০ | ১৬৫০.০০ | ৮৫০.০০ | ৮০০.০০ |
| ৩ | সার (ইউরিয়া, টিএসপি) | কেজি | ৫০ | ৩৫.০০ | ১৭৫০.০০ | ৯৫০.০০ | ৮০০.০০ |
| ৪ | পোনা (৬-৮টি/কেজি) | সংখ্যা (টি) | ৪৫০ | ৩৫.০০ | ১৫৭৫০.০০ | ৩৭৫০.০০ | ১২০০০.০০ |
| ৫ | মাছের খাবার | কেজি | ৮৫০ | ৭৫.০০ | ৬৩৭৫০.০০ | ৬৩৭৫০.০০ | ০.০০ |
| ৬ | রাসায়নিক দ্রব্যাদি | থোক | থোক | থোক | ৫০০.০০ | ০.০০ | ৫০০.০০ |
| ৭ | সাইনবোর্ড | সংখ্যা (টি) | ১ | ২০০০.০০ | ২০০০.০০ | ০.০০ | ২০০০.০০ |
| ৮ | আনুষঙ্গিক | থোক | থোক | থোক | ২৯০০.০০ | ০.০০ | ২৯০০.০০ |
| ৯ | মাছ ধরা ও বাজারজাতকরণ | থোক | থোক | থোক | ৩৫০০.০০ | ৩৫০০.০০ | ০.০০ |
| ১০ | শ্রমিক মজুরি | থোক | থোক | থোক | ৬৫০০.০০ | ৬৫০০.০০ | ০.০০ |
| ১১ | লীজ মূল্য | থোক | থোক | থোক | ৮০০০.০০ | ৮০০০.০০ | ০.০০ |
| ১২ | অ্যারেটর | সংখ্যা (টি) | ১ | ৪০০০০ | ৪০০০০.০০ | ০.০০ | ৪০০০০.০০ |
| ১৩ | পরবর্তী ২ বছর ৫ হাজার টাকা করে পরিচালন ব্যয় | সংখ্যা (টি) | ২ | থোক | থোক | থোক | ১০০০০.০০ |
| | **সর্বমোট** | | | | ১৪৮৩০০.০০ | ৭৮৩০০.০০ | ৭০০০০.০০ |

নোট: স্থানীয় বাজার দরের তারতম্যের কারণে উৎপাদন সামগ্রীর পরিমাণ এবং একক ব্যয় পরিবর্তন করা যেতে পারে।

| | | | |
|---|---|---|---|
| কার্প মিশ্রচাষের জন্য জলায়তন | : | ৩৩ | শতাংশ (০.১৩ হে.) |
| প্রকল্প সহায়তা | : | ৭০০০০ | টাকা (উৎপাদন সামগ্রী) |
| সুফলভোগী কর্তৃক ব্যয় | : | ৭৮৩০০ | টাকা |
| মোট ব্যয় | : | ১৪৮৩০০ | টাকা |
| মোট মাছ উৎপাদন | : | ৭৪০ | কেজি |
| কেজি প্রতি মাছের মূল্য | : | ২৫০ | টাকা |
| মোট মাছের মূল্য | : | ১৮৫০০০ | টাকা |
| নীট মুনাফা | : | ৩৬৭০০ | টাকা |

### ১২.৪ পাবদা/গুলশা/টেংরা মাছ চাষ ফলাফল প্রদর্শনী খামার ব্যবস্থাপনা

পাবদা, গুলশা এবং টেংরা মাছ মৎস্য খাতে একটি গুরুত্বপূর্ণ অবস্থানে রয়েছে। এই মাছগুলো একসময় প্রাকৃতিক জলাশয়ে প্রচুর পরিমাণে পাওয়া গেলেও পরিবেশগত কারণে এদের প্রাচুর্যতা কমে যাওয়ায় এখন চাষের মাধ্যমে এদের উৎপাদন বৃদ্ধির উদ্যোগ নেওয়া হচ্ছে। কৃত্রিম প্রজনন কৌশল ও পোনা উৎপাদনের প্রযুক্তি উদ্ভাবনে সফল হওয়ায় হ্যাচারিগুলোতে এই মাছগুলোর পোনা বাণিজ্যিকভাবে উৎপাদিত হচ্ছে। এ কারণে অত্র প্রকল্পে মাঠ পর্যায়ে পাবদা, গুলশা এবং টেংরা মাছ চাষ প্রযুক্তি এই প্রকল্পে প্রদর্শনীর মাধ্যমে সম্প্রসারণের সংস্থান রাখা হয়েছে।

**প্রকল্প সহায়তা (কারিগরি ও আর্থিক):**

প্রত্যেক পাবদা/গুলশা/টেংরা মাছ চাষ ফলাফল প্রদর্শনকারী চাষীর ±০.১৩ হেক্টর বা ±৩৩ শতক পুকুর থাকতে হবে। প্রতিটি পাবদা/গুলশা/টেংরা মাছ মিশ্র চাষ ফলাফল প্রদর্শনী খামারের উৎপাদন লক্ষ্যমাত্রা হবে নির্দেশিকার ৪(ক) এর ছকের ৬নং কলামে উল্লেখকৃত হেক্টর প্রতি উৎপাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী। মোট উৎপাদন ব্যয়ের মধ্যে প্রকল্প থেকে ৭০,০০০/- টাকার উৎপাদন সামগ্রী দেওয়া হবে এবং বাকী উৎপাদন ব্যয় চাষী নিজে বহন করবেন। তন্মধ্যে ৬০,০০০/- (ষাট হাজার টাকা) মূল্যমানের উৎপাদন সামগ্রী প্রদর্শনী শুরুর বছরে আরডি চাষীকে দেওয়া হবে। পরবর্তী বছরসমূহে পরিচালন ব্যয় খাতে আরও ১০,০০০/- (দশ হাজার টাকা) মূল্যমানের উৎপাদন সামগ্রী আরডিকে প্রদান করা হবে। উৎপাদন সামগ্রী ক্রয় করে আরডি চাষীকে দেওয়ার জন্য সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তার নিকট অর্থ বরাদ্দ দেওয়া হবে। তিনি 'পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫' অনুসরণ করে উৎপাদন সামগ্রী ক্রয়

করবেন এবং সংশ্লিষ্ট রেজিষ্টারে আরডি'র স্বাক্ষর রেখে বিতরণ করবেন। সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা ও সহকর্মীগণ নিয়মিত পুকুর ভিজিট করে (প্রতিমাসে অন্তত ১ বার) উপকরণ পুকুরে প্রয়োগ, জাল টেনে মাছের স্বাস্থ্য পরীক্ষা, পানির গুনাগুণ পরীক্ষা ও সমস্যা নিরসনের মাধ্যমে লক্ষ্যমাত্রা অনুযায়ী উৎপাদন নিশ্চিত করবেন। বিস্তারিত উৎপাদন আয়-ব্যয় হিসাব নিম্নে দেয়া হল।

**পাবদা/গুলশা/টেংরা মাছের প্রদর্শনী**

**আয়তন: ±৩৩ শতাংশ**

| ক্রমিক নং | খাত | একক | পরিমাণ | একক দর (টাকা) | ব্যয় (টাকা) | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | মোট ব্যয় | সুফলভোগী কর্তৃক ব্যয় | প্রকল্প সহায়তা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | রোটেনন | কেজি | ৪ | ৫০০.০০ | ২০০০.০০ | ১০০০.০০ | ১০০০.০০ |
| ২ | চুন | কেজি | ৬৬ | ২৫.০০ | ১৬৫০.০০ | ৮২৫.০০ | ৮২৫.০০ |
| ৩ | সার (ইউরিয়া, টিএসপি) | কেজি | ৩৩ | ৩৫.০০ | ১১৫৫.০০ | ০.০০ | ১১৫৫.০০ |
| ৪ | কার্প জাতীয় মাছের পোনা (১০-১২টা/কেজি) | সংখ্যা (টি) | ১৫০ | ২০.০০ | ৩০০০.০০ | ০.০০ | ৩০০০.০০ |
| ৫ | পাবদা-গুলশা-টেংরার পোনা (২-৩ সে.মি.) | সংখ্যা (টি) | ১২৫০০ | ২.০০ | ২৫০০০.০০ | ১৫০৮০.০০ | ৯৯২০.০০ |
| ৬ | মাছের খাবার | কেজি | ৯০০ | ৭৫.০০ | ৬৭৫০০.০০ | ৬৭৫০০.০০ | ০.০০ |
| ৭ | রাসায়নিক দ্রব্যাদি | থোক | থোক | থোক | ৫০০.০০ | ০.০০ | ৫০০.০০ |
| ৮ | সাইনবোর্ড | সংখ্যা (টি) | ১ | ১৬০০.০০ | ১৬০০.০০ | ০.০০ | ১৬০০.০০ |
| ৯ | বিবিধ | থোক | থোক | থোক | ২০০০.০০ | ০.০০ | ২০০০.০০ |
| ১০ | মাছ ধরা ও বাজারজাতকরণ | থোক | থোক | থোক | ৩৫০০.০০ | ৩৫০০.০০ | ০.০০ |
| ১১ | শ্রমিক মজুরি | থোক | থোক | থোক | ৬৫০০.০০ | ৬৫০০.০০ | ০.০০ |
| ১২ | লীজ মূল্য | থোক | থোক | থোক | ৮০০০.০০ | ৮০০০.০০ | ০.০০ |
| ১৩ | অ্যারেটর | সংখ্যা (টি) | ১ | ৪০০০০ | ৪০০০০.০০ | ০.০০ | ৪০০০০.০০ |
| ১৪ | পরবর্তী ২ বছর ৫ হাজার টাকা করে পরিচালন ব্যয় | সংখ্যা (টি) | ২ | থোক | থোক | থোক | ১০০০০.০০ |
| | **সর্বমোট** | | | | ১৬২৪০৫.০০ | ১০২৪০৫.০০ | ৭০০০০.০০ |

নোট: স্থানীয় বাজারের তারতম্যের কারণে উৎপাদন সামগ্রীর পরিমাণ এবং একক ব্যয় পরিবর্তন করা যেতে পারে।

| | | | |
|---|---|---|---|
| পাবদা/গুলশা/টেংরা মাছের চাষের জন্য জলায়তন | : | ৩৩ | শতাংশ (০.১৩ হে.) |
| প্রকল্প সহায়তা | : | ৭০০০০ | টাকা (উৎপাদন সামগ্রী) |
| সুফলভোগী কর্তৃক ব্যয় | : | ১০২৪০৫ | টাকা |
| মোট ব্যয় | : | ১৬২৪০৫ | টাকা |
| পাবদা/গুলশা/টেংরা মাছ উৎপাদন | : | ৪০০ | কেজি |
| কার্প জাতীয় মাছ উৎপাদন | : | ২০০ | কেজি |
| মোট মাছ উৎপাদন | : | ৬০০ | কেজি |
| কেজি প্রতি পাবদা/গুলশা/টেংরা মাছের মূল্য | : | ৪০০ | টাকা |
| কেজি প্রতি কার্প জাতীয় মাছের মূল্য | : | ২৫০ | কেজি |
| মোট মাছের মূল্য | : | ২১০০০০ | টাকা |
| নীট মুনাফা | : | ৪৭৫৯৫ | টাকা |

### ১২.৫ কৈ/শিং/ দেশি মাগুর মাছ চাষ ফলাফল প্রদর্শনী খামার ব্যবস্থাপনা

কৈ,শিং ও দেশি মাগুর মাছ প্রাণিজ আমিষের গুরুত্বপূর্ণ উৎস। এই মাছগুলো জিওল মাছ হিসেবে পরিচিত এবং পুষ্টিগুণ সাধারণত অন্যান্য অনেক মাছের তুলনায় বেশি। কৈ,শিং ও দেশি মাগুর মাছ চাষ তুলনামূলকভাবে অধিক লাভজনক। বিশেষ করে কৈ এবং শিং মাছের মিশ্র চাষ কম ঝুঁকিপূর্ণ। বাজারে এই মাছগুলোর বেশ ভালো চাহিদা রয়েছে। এ কারণে অত্র প্রকল্পে মাঠ পর্যায়ে পাবদা, গুলশা এবং টেংরা মাছ চাষ প্রযুক্তি এই প্রকল্পে প্রদর্শনীর মাধ্যমে সম্প্রসারণের সংস্থান রাখা হয়েছে।

**প্রকল্প সহায়তা (কারিগরি ও আর্থিক):**

কৈ/শিং/দেশি মাগুর মাছ চাষ ফলাফল প্রদর্শনকারী চাষীর ±০.১৩ হেক্টর বা ±৩৩ শতক পুকুর থাকতে হবে। প্রতিটি কৈ/শিং/দেশি মাগুর মাছ চাষ ফলাফল প্রদর্শনী খামারের উৎপাদন লক্ষ্যমাত্রা হবে নির্দেশিকার ৪(ক) এর ছকের ৬নং কলামে উল্লেখকৃত হেক্টর প্রতি উৎপাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী। মোট উৎপাদন ব্যয়ের মধ্যে প্রকল্প থেকে ৭০,০০০/- টাকার উৎপাদন সামগ্রী দেওয়া হবে এবং বাকী উৎপাদন ব্যয় চাষী নিজে বহন করবেন। তন্মধ্যে ৬০,০০০/- (ষাট হাজার টাকা) মূল্যমানের উৎপাদন সামগ্রী প্রদর্শনী শুরুর বছরে আরডি চাষীকে দেওয়া হবে। পরবর্তী বছরসমূহে পরিচালন ব্যয় খাতে আরও ১০,০০০/- (দশ হাজার টাকা) মূল্যমানের উৎপাদন সামগ্রী আরডিকে প্রদান করা হবে। উৎপাদন সামগ্রী ক্রয় করে আরডি চাষীকে দেওয়ার জন্য সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তার নিকট অর্থ বরাদ্দ দেওয়া হবে। তিনি 'পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫' অনুসরণ করে উৎপাদন সামগ্রী ক্রয় করবেন এবং সংশ্লিষ্ট রেজিষ্টারে আরডি'র স্বাক্ষর রেখে বিতরণ করবেন। সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা ও সহকর্মীগণ নিয়মিত পুকুর ভিজিট করে (প্রতিমাসে অন্তত ১ বার) উপকরণ পুকুরে প্রয়োগ, জাল টেনে মাছের স্বাস্থ্য পরীক্ষা, পানির গুনাগুণ পরীক্ষা ও সমস্যা নিরসনের মাধ্যমে লক্ষ্যমাত্রা অনুযায়ী উৎপাদন নিশ্চিত করবেন। বিস্তারিত উৎপাদন আয়-ব্যয় হিসাব নিম্নে দেয়া হল।

### কৈ/শিং/দেশি মাগুর মাছের প্রদর্শনী

**আয়তন: ±৩৩ শতাংশ**

| ক্রমিক নং | খাত | একক | পরিমাণ | একক দর (টাকা) | ব্যয় (টাকা) | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | মোট ব্যয় | সুফলভোগী কর্তৃক ব্যয় | প্রকল্প সহায়তা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | রোটেনন | কেজি | ৪ | ৫০০.০০ | ২০০০.০০ | ২০০০.০০ | ০.০০ |
| ২ | চুন | কেজি | ৬৬ | ২৫.০০ | ১৬৫০.০০ | ১৫০.০০ | ১৫০০.০০ |
| ৩ | সার (ইউরিয়া, টিএসপি) | কেজি | ৩৩ | ৩৫.০০ | ১১৫৫.০০ | ৬৫৫.০০ | ৫০০.০০ |
| ৪ | কার্প জাতীয় মাছের পোনা (১০-১২টা/কেজি) | সংখ্যা (টি) | ১৫০ | ২০.০০ | ৩০০০.০০ | ০.০০ | ৩০০০.০০ |
| ৫ | কই/শিং/মাগুর মাছের পোনা (২-৩ সে.মি.) | সংখ্যা (টি) | ১৫০০০ | ৩.০০ | ৪৫০০০.০০ | ৩৯০০০.০০ | ৬০০০.০০ |
| ৬ | মাছের খাবার | কেজি | ১৭৫০ | ৭৫.০০ | ১৩১২৫০.০০ | ১২৬৫০.০০ | ৫০০০.০০ |
| ৭ | রাসায়নিক দ্রব্যাদি | থোক | থোক | থোক | ৫০০.০০ | ৫০০.০০ | ০.০০ |
| ৮ | সাইনবোর্ড | সংখ্যা (টি) | ১ | ২০০০.০০ | ২০০০.০০ | ০.০০ | ২০০০.০০ |
| ৯ | আনুষঙ্গিক | থোক | থোক | থোক | ২০০০.০০ | ০.০০ | ২০০০.০০ |
| ১০ | মাছ ধরা ও বাজারজাতকরণ | থোক | থোক | থোক | ৩৫০০.০০ | ৩৫০০.০০ | ০.০০ |
| ১১ | শ্রমিক মজুরি | থোক | থোক | থোক | ৬৫০০.০০ | ৬৫০০.০০ | ০.০০ |
| ১২ | লীজ মূল্য | থোক | থোক | থোক | ৮০০০.০০ | ৮০০০.০০ | ০.০০ |
| ১৩ | অ্যারেটর | সংখ্যা (টি) | ১ | ৪০০০০ | ৪০০০০.০০ | ০.০০ | ৪০০০০.০০ |
| ১৪ | পরবর্তী ২ বছর ৫ হাজার টাকা করে পরিচালন ব্যয় | সংখ্যা (টি) | ২ | থোক | থোক | থোক | ১০০০০.০০ |
| সর্বমোট | | | | | ২০৬৫৫৫.০০ | ১৮৬৫৫৫.০০ | ৭০০০০.০০ |

নোট: স্থানীয় বাজারের তারতম্যের কারণে উৎপাদন সামগ্রীর পরিমাণ এবং একক ব্যয় পরিবর্তন করা যেতে পারে।

| | | | |
|---|---|---|---|
| প্রদর্শনী খামারের জন্য জলায়তন | : | ৩৩ | শতাংশ (০.১৩ হে.) |
| প্রকল্প সহায়তা | : | ৭০০০০ | টাকা (উৎপাদন সামগ্রী) |
| সুফলভোগী কর্তৃক ব্যয় | : | ১৮৬৫৫৫ | টাকা |
| মোট ব্যয় | : | ২০৬৫৫৫ | টাকা |
| কৈ/শিং/মাগুর মাছ উৎপাদন | : | ৯৬৫ | কেজি |
| কার্প জাতীয় মাছ উৎপাদন | : | ২০০ | কেজি |
| মোট মাছ উৎপাদন | : | ১১৬৫ | কেজি |
| কেজি প্রতি কৈ/শিং/মাগুর মাছের মূল্য | : | ৩০০ | টাকা |
| কেজি প্রতি কার্প জাতীয় মাছের মূল্য | : | ২৫০ | কেজি |
| মোট মাছের মূল্য | : | ৩৩৯৫০০ | টাকা |
| নীট মুনাফা | : | ১৩২৯৪৫ | টাকা |

**১২.৬ বিশেষায়িত মাছ চাষ (ছোট চিংড়ি/ মলা/ মেনি/ দেশী শোল/ কার্প/ বিলুপ্ত প্রায় প্রজাতি/ অন্যান্য) (স্বাদু পানির এলাকায় উপযোগী জলাশ্যে) প্রদর্শনী খামার ব্যবস্থাপনা**

মলা, মেনি, ছোট চিংড়ির মতো ছোট দেশীয় মাছগুলো **ভিটামিন এ, জিঙ্ক, আয়রন** এবং **ক্যালসিয়াম**-এর মতো প্রয়োজনীয় মাইক্রোনিউট্রিয়েন্টে ভরপুর। ছোট মাছগুলো সাধারণত মাথা, হাড় ও অভ্যন্তরীণ অঙ্গসহ পুরোটা খাওয়া হয়, যা বড় মাছের শুধু মাংস খাওয়ার তুলনায় অনেক বেশি পুষ্টি সরবরাহ করে। বাংলাদেশে শিশুদের রাতকানা এবং নারী ও শিশুদের রক্তস্বল্পতার মতো অপুষ্টিজনিত সমস্যা মোকাবেলায় এই মাছগুলোর চাষ ও ব্যবহার অত্যন্ত কার্যকর। এটি গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর পুষ্টি নিশ্চিত করতে সাহায্য করে। কার্পের মতো বড় মাছের সাথে মলা বা ছোট মাছের মিশ্র চাষ (পলিকালচার) করলে মোট উৎপাদন ও লাভ বাড়ে। বড় কার্প বিক্রি করে নগদ টাকা আয় করা যায়, আর ছোট মাছগুলো পরিবারে খাবারের জন্য রাখা যেতে পারে। ছোট দেশীয় মাছগুলো প্রায়শই কম সম্পদ ব্যবহার করে চাষ করা যায়, যা গ্রামীণ দরিদ্র কৃষকদের জন্য সুবিধাজনক।

অতিরিক্ত আহরণ এবং প্রাকৃতিক জলাশয় ধ্বংসের কারণে অনেক দেশীয় প্রজাতির মাছ বিলুপ্তির পথে। চাষের মাধ্যমে এই প্রজাতিগুলোকে **সংরক্ষণ** ও **বংশবৃদ্ধি** করা সম্ভব। অভ্যন্তরীণ জলাশয়ের পরিবেশ এবং মাছের বৈচিত্র্য বজায় রাখার জন্য বিলুপ্তপ্রায় দেশীয় মাছের চাষ জরুরি। এ কারণে অত্র প্রকল্পে মাঠ পর্যায়ে ছোট চিংড়ি/ মলা/ মেনি/ দেশী শোল/ কার্প/ বিলুপ্ত প্রায় প্রজাতি/ অন্যান্য মাছ চাষ প্রযুক্তি এই প্রকল্পে প্রদর্শনীর মাধ্যমে সম্প্রসারণের সংস্থান রাখা হয়েছে।

**প্রকল্প সহায়তা (কারিগরি ও আর্থিক):**

ছোট চিংড়ি/ মলা/ মেনি/ দেশী শোল/ কার্প/ বিলুপ্ত প্রায় প্রজাতি/ অন্যান্য মাছ চাষ ফলাফল প্রদর্শনকারী চাষীর ±০.১৩ হেক্টর বা ±৩৩ শতক পুকুর থাকতে হবে। প্রতিটি ফলাফল প্রদর্শনী খামারের উৎপাদন লক্ষ্যমাত্রা হবে নির্দেশিকার ৪(ক) এর ছকের ৬নং কলামে উল্লেখকৃত হেক্টর প্রতি উৎপাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী। মোট উৎপাদন ব্যয়ের মধ্যে প্রকল্প থেকে ৭০,০০০/- টাকার উৎপাদন সামগ্রী দেওয়া হবে এবং বাকী উৎপাদন ব্যয় চাষী নিজে বহন করবেন। তন্মধ্যে ৬০,০০০/- (ষাট হাজার টাকা) মূল্যমানের উৎপাদন সামগ্রী প্রদর্শনী শুরুর বছরে আরডি চাষীকে দেওয়া হবে। পরবর্তী বছরসমূহে পরিচালন ব্যয় খাতে আরও ১০,০০০/- (দশ হাজার টাকা) মূল্যমানের উৎপাদন সামগ্রী আরডিকে প্রদান করা হবে। উৎপাদন সামগ্রী ক্রয় করে আরডি চাষীকে দেওয়ার জন্য সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তার নিকট অর্থ বরাদ্দ দেওয়া হবে। তিনি 'পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫' অনুসরণ করে উৎপাদন সামগ্রী ক্রয় করবেন এবং সংশ্লিষ্ট রেজিষ্টারে আরডি'র স্বাক্ষর রেখে বিতরণ করবেন। সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা ও সহকর্মীগণ নিয়মিত পুকুর ভিজিট করে (প্রতিমাসে অন্তত ১ বার) উপকরণ পুকুরে প্রয়োগ, জাল টেনে মাছের স্বাস্থ্য পরীক্ষা, পানির গুনাগুণ পরীক্ষা ও সমস্যা নিরসনের মাধ্যমে লক্ষ্যমাত্রা অনুযায়ী উৎপাদন নিশ্চিত করবেন। বিস্তারিত উৎপাদন আয়-ব্যয় হিসাব নিম্নে দেয়া হল।

**ছোট চিংড়ি/ মলা/ মেনি/ দেশী শোল/ কার্প/ বিলুপ্ত প্রায় প্রজাতি/ অন্যান্য মাছের প্রদর্শনী**

**আয়তন: ±৩৩ শতাংশ**

| ক্রমিক নং | খাত | একক | পরিমাণ | একক দর (টাকা) | ব্যয় (টাকা) | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | মোট ব্যয় | সুফলভোগী কর্তৃক ব্যয় | প্রকল্প সহায়তা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | চুন | কেজি | ৬৬ | ২৫.০০ | ১৬৫০.০০ | ২৪০.০০ | ১৪১০.০০ |
| ২ | ব্লিচিং পাউডার | কেজি | ৩৩ | ৩০.০০ | ৯৯০.০০ | ০.০০ | ৯৯০.০০ |
| ৩ | ফেন্সিং | থোক | থোক | থোক | ৩০০০.০০ | ১৫০০.০০ | ১৫০০.০০ |
| ৪ | মাছের খাদ্য (রেডি ফিড) | কেজি | ১৮০০ | ৭৫.০০ | ১৩৫০০০.০০ | ১৩৫০০০.০০ | ০.০০ |
| ৫ | কার্প জাতীয় মাছের পোনা (১০-১২টা/কেজি) | সংখ্যা (টি) | ১০০ | ২০.০০ | ২০০০.০০ | ০.০০ | ২০০০.০০ |
| ৬ | দেশী শোল মাছের পোনা (৩-৪ ইঞ্চি) | সংখ্যা (টি) | ২০০০ | ৩০.০০ | ৬০০০০.০০ | ৫০০০০.০০ | ১০০০০.০০ |
| ৭ | মাছের খাবার (জীবন্ত) | থোক | থোক | থোক | ১৫০০০.০০ | ১৪৫০০.০০ | ৫০০.০০ |
| ৮ | সাইনবোর্ড | সংখ্যা (টি) | ১ | ১৬০০.০০ | ১৬০০.০০ | ০.০০ | ১৬০০.০০ |
| ৯ | আনুষঙ্গিক | থোক | থোক | থোক | ২০০০.০০ | ০.০০ | ২০০০.০০ |

অ. পৃ. দ্র.

| ক্রমিক নং | খাত | একক | পরিমাণ | একক দর (টাকা) | ব্যয় (টাকা) | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | মোট ব্যয় | সুফলভোগী কর্তৃক ব্যয় | প্রকল্প সহায়তা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১০ | মাছ ধরা ও বাজারজাতকরণ | থোক | থোক | থোক | ৫০০০.০০ | ৫০০০.০০ | ০.০০ |
| ১১ | শ্রমিক মজুরি | থোক | থোক | থোক | ৩০০০.০০ | ৩০০০.০০ | ০.০০ |
| ১২ | লীজ মূল্য | থোক | থোক | থোক | ৮০০০.০০ | ৮০০০.০০ | ০.০০ |
| ১৩ | অ্যারেটর | সংখ্যা (টি) | ১ | ৪০০০০ | ৪০০০০.০০ | ০.০০ | ৪০০০০.০০ |
| ১৪ | পরবর্তী ২ বছর ৫ হাজার টাকা করে পরিচালন ব্যয় | সংখ্যা (টি) | ২ | থোক | থোক | থোক | ১০০০০.০০ |
| সর্বমোট | | | | | ২৭৭২৪০.০০ | ২১৭২৪০.০০ | ৭০০০০.০০ |

নোট: স্থানীয় বাজারের তারতম্যের কারণে উৎপাদন সামগ্রীর পরিমাণ এবং একক ব্যয় পরিবর্তন করা যেতে পারে।

| | | | |
|---|---|---|---|
| প্রদর্শনী মাছ চাষের জন্য জলায়তন | : | ৩৩ | শতাংশ (০.১৩ হে.) |
| প্রকল্প সহায়তা | : | ৭০০০০ | টাকা (উৎপাদন সামগ্রী) |
| সুফলভোগী কর্তৃক ব্যয় | : | ২১৭২৪০ | টাকা |
| মোট ব্যয় | : | ২৭৭২৪০ | টাকা |
| মোট কার্প মাছ উৎপাদন | : | ১৫০ | কেজি |
| মোট শোল মাছ উৎপাদন | : | ১০৭০ | কেজি |
| প্রতি কেজি কার্প মাছের মূল্য | : | ২৫০ | টাকা |
| প্রতি কেজি শোল মাছের মূল্য | : | ৩০০ | টাকা |
| মোট মাছ উৎপাদন | : | ১২২০ | কেজি |
| মোট মাছের মূল্য | : | ৩৫৮৫০০ | টাকা |
| নীট মুনাফা | : | ৮১২৬০ | টাকা |

**১৪. সাইন বোর্ড স্থাপন:**

প্রতিটি প্রদর্শনী খামারে একটি ৩'x২১/২' পরিচিতি বোর্ড (সাইন বোর্ড) থাকতে হবে। সাইন বোর্ডে (১) প্রকল্পের নাম (২) প্যাকেজ ভিত্তিক খামারের নাম (৩) চাষীর নাম ও (৪) খামারের আয়তন ইত্যাদি তথ্য প্রদর্শন করতে হবে। নিম্নে সাইনবোর্ডের নমুনা দেয়া হল। কাঠের ফ্রেমসহ গাঢ় সবুজ টিন শিটের উপর সাদা লেখা হবে। সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা সাইনবোর্ড সরবরাহ করবেন। সাইনবোর্ড ছাড়া কাজ শুরু করা যাবে না। সুফলভোগীরা নিজ দায়িত্বে সাইন বোর্ড রক্ষণাবেক্ষন করবেন নষ্ট হলে নিজ ব্যয়ে পুনঃ স্থাপন করবেন।

<u>সাইনবোর্ড এর নমুনা:</u>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)
মৎস্য অধিদপ্তর, ঢাকা।

**.................................... চাষ ফলাফল প্রদর্শনী খামার ২০.....**

**অথবা**

**গৃহস্থালি কাজে ব্যবহৃত পুকুরে................. মাছ চাষ প্রদর্শনী খামার ২০.....**

চাষীর নাম..................................

গ্রাম ... ... ... ... ...

ইউনিয়ন ... ... ... ... ....

উপজেলা ... ... ... ... ...

জেলা ...............................

আয়তন .............হেঃ (........শতক)

বাস্তবায়নে: সিনিয়র /উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, ... ... ... ... ... ... ... ... ...।

*ফলাফল প্রদর্শনী খামার অথবা গৃহস্থালি কাজে ব্যবহৃত পুকুরে মাছ চাষ প্রদর্শনী খামার, এই দুইটির মধ্যে যা প্রযোজ্য, তা সাইনবোর্ডে রেখে অন্যটি সাইনবোর্ডের নমুনা থেকে বাদ দিয়ে সাইনবোর্ড তৈরি করতে হবে।

**১৫. বেইজলাইন জরিপ ও রেকর্ড বই সংরক্ষণ:**

সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাগণ কর্তৃক প্রকল্প কার্যক্রম শুরুতেই আরডি ও এফএফ চাষীর পুকুরের বেইজ লাইন জরিপ সম্পন্ন করে বর্তমান উৎপাদন সহ অন্যান্য তথ্যাদি নির্ধারিত ফরমে (সংযোজনী-২) রেকর্ড করতে হবে এবং প্রকল্প বাস্তবায়ন শেষে পুনরায় জরিপের মাধ্যমে উৎপাদন অর্জন তুলনা করতে হবে। বেইজলাইন জরিপের ভিত্তি বছর হবে ২০২২-২৩ আর্থিক সন। ভিত্তি বছরের তথ্যের পাশাপাশি প্রদর্শনী শুরুর অব্যবহতি পূর্বের বছরের উৎপাদন তথ্য বেইজ লাইন সার্ভে ফরমে পূরণপূর্বক সংরক্ষণ করতে হবে। প্রত্যেক আরডি প্রকল্প থেকে সরবরাহকৃত রেকর্ড বই অবশ্যই যথাযথ ভাবে সংরক্ষণ করবেন। সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা/ মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা/ সহকারী মৎস্য কর্মকর্তা/ ক্ষেত্রসহকারী প্রতিমাসে অন্তত একবার ভিজিট করে রেকর্ড বইয়ে স্বাক্ষর করবেন এবং প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশনা লিপিবদ্ধ করবেন।

**১৬. চুক্তি সম্পাদন:**

সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাগণ মৎস্য চাষ প্রদর্শনীর জন্য নির্বাচিত চাষীদের সাথে ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে নির্ধারিত ছকে চুক্তিপত্র সম্পাদন করবেন ।